

ডারউইনে বাংলাদেশ ক্রিকেট দল

চৌধুরী মোঃ সদরউদ্দিন

বেশ কিছুদিন ধরেই তোড়জোড় চলছিল ডারউইনের ছোট বাংলাদেশী সমাজে। বাংলাদেশ ক্রিকেট টিম আসছে, তার প্রস্তুতি। খেলাধুলায় গর্ব করার মত সবেধন নীলমনি এই দলকে কি ভাবে বরন করা যায় তারি তোড়জোড়। আন্ডা বাচ্চা সব মিলে টেনেটুনে ১২০ জন বাংলাদেশীর বাস এখানে। চাঁদা তোলা, ব্যানার বানানো, ফুল কেনা, নানা কাজ। সবচেয়ে বেশী উৎসাহ মুনিরের, তার সাথে আর কয়জন তরুন, এই প্রজন্মের বাংলাদেশী-আস্ট্রেলিয়ান। এর মাঝেই আগের প্রজন্মের শ্রদ্ধেয় সাত্তার ভাই নিয়মিত যোগাযোগ করে চলেছেন, বাংলাদেশ দলের ম্যানেজার শফিকুল হক হীরার সাথে।

অবশেষে এলো ১৫ই অগাস্ট শুক্রবার। প্লেন আসবে দুপুর ২:৫৫ তে। তরুণদের মাঝে একটু ভয়, উইক ডেতে আসবেতো লোকজন? সব সংশয় ভেঙ্গে ৩০ জনের মত স্থানীয় বাংলাদেশী এয়ারপোর্টে উপস্থিত। স্কুল শেষ হয়েছে ২:৩০ শে, তাড়াছড়া করে হলেও অনেক বাচ্চারা হাজির। শিহাব আর অর্গবের হাতের দুই বাংলাদেশী পতাকা দিয়ে তৈরী হয়ে গেল তোরণ। ABC, Channel Nine, Channel Seven সবাই উপস্থিত। মহা উৎসাহে তুলে চলেছে ছবি। ওদের বেশী উৎসাহ ছোটদের নিয়ে, লালটুকটুকে শাড়ী পরা রেচেল আর অদ্রিকা সাথে লুঙ্গি পরা রাইয়ান চরম বিঃসুয় নিয়ে ভাবছে কি হচ্ছে এসব। Welcome Tigers ব্যানার হাতে লাবিব আর মজাফর ভাই মহা উৎসাহে অপেক্ষা করছে।

প্লেন লেট, কিন্তু উৎসাহের ভাটা পড়লনা কারো। সব অপেক্ষার অবসান ঘটিয়ে ৩:২০ সে Brisbane থেকে flight এসে পৌঁছালো ডারউইনে। আগে বেরিয়ে আসা বেশ কজন যাত্রী খবর দিল তোমাদের ছেলেরা খুবি ক্লান্ত, তিন রাত্রি ঘুম নেই তাদের, কেন জানি Singapore হয়ে ডারউইনে সরাসরি ফ্লাইট থাকা স্বত্বেও সারা দুনিয়া ঘুরে আসার মত করে ফ্লাইট বুক শ করা হয়েছে!

একনজর ছেলেদের দেখা মাত্র মহা উৎসাহে সবাই এয়ারপোর্ট কাপিয়ে শ্লোগান তুল্লো 'বাংলাদেশ জিন্দাবাদ', এদেশে বড় হয়ে উঠা ফাহাদ আর শিহাবের গলাই সবচেয়ে বেশী শোনা গেল। ছোট ছোট মেয়েরা ফুলের তোড়া দিয়ে বরণ করলো সবাইকে।

অস্ট্রেলিয়ার সাথে ভাল একটা লড়াই হোক তরুণ বাংলাদেশী দলের কাছে এই আমাদের সকলের প্রত্যাশা।